uttoron
Skills for better life

Chevron | swisscontact

# উত্তরণ নিউজলেটার

ইস্যু ৩ । নভেম্বর ২০২০- জানুয়ারী ২০২১

## প্রকল্পের কার্যক্রম

### নতুন প্রশিক্ষণার্থীদের জন্য প্রশিক্ষণ পূর্ব ওরিয়েনটেশনের আয়োজন করল উত্তরণ



প্রশিক্ষণ পূর্ব ওরিয়েনটেশন উত্তরণের এক অনন্য বৈশিষ্ট। প্রাথমিকভাবে রেজিস্ট্রেশনের পরে সকল আবেদনকারীকে দিনব্যাপী এই ওরিয়েনটেশনে অংশগ্রহণ করতে হয়। উক্ত ওরিয়েনটেশনে তথ্য যাচাই-বাছাই এর মাধ্যমে প্রশিক্ষণার্থীদের চূড়া š নির্বাচন সম্পন্ন করা হয়। এছাড়াও দিনব্যপী এই ওরিয়েনটেশনের মাধ্যমে প্রশিক্ষণার্থীদের উত্তরণ প্রকল্প ও ট্রেড সম্পর্কে বি ¯—রিত জানান হয় যাতে আবেদনকারীগণ পর্যাপ্ত তথ্যের ভিত্তিতে সঠিক ট্রেড বাছাই করতে পারেন।






এ ওরিয়েনটেশনের আরও একটি উদ্দেশ্য হল, অংশগ্রহণকারীদের উন্নতির ক্ষেত্রে দক্ষতার গুর“ত্ব বোঝানো এবং সঠিক গ্রুপ ডায়নামিক্স তৈরীর মাধ্যমে তাদের ঝরে পরা কমান। ডিসেম্বরের ২৬, ২০২০ থেকে জানুয়ারীর ২৮, ২০২১ তারিখ পর্য š সিলেট, হবিগঞ্জ ও মৌলভীবাজার অঞ্চলে ৪০৮ জন আবেদনকারী এই ওরিয়েনটেশনে অংশগ্রহণ করে।

# উত্তরণের প্রথম ব্যচের প্রশিক্ষণার্থীদের জন্য আয়োজিত হল কর্মসংস্থান পূর্ব দক্ষতা উন্নয়ন কর্মশালা



*কর্মশালার বিশেষ বক্তাবৃন্দ: র“জিনা আক্তার, আল-মামুন, তারেক বিন বাবু ও জনি বোসাক*

উত্তরণ প্রকল্পের প্রথম পর্যায়ে দেখা গেছে যে, কর্মক্ষেত্রে সাফল্য নিশ্চিত করার জন্য কারিগরি দক্ষতার পাশাপাশি সফট স্কিল (যোগাযোগ ক্ষমতা, সময়ানুবর্তিতা, দলগতভাবে কাজ করার ক্ষমতা ইত্যাদি) এর প্রয়োজনীয়তা অপরিসীম। এই উপলব্ধি থেকে প্রকল্পের দ্বিতীয় পর্যায়ে প্রশিক্ষণার্থীদের জন্য কর্মসংস্থান পূর্ব দক্ষতা উন্নয়ন কর্মশালা আয়োজনের পরিকল্পনা করা হয়। প্রকল্প হতে পাসকৃত ১৩৩ জন প্রশিক্ষণার্থীর জন্য ২৪ ডিসেম্বর, ২০২০ হতে ০৬ জানুয়ারী, ২০২১ পর্যŠ সিলেট, হবিগঞ্জ ও মৌলভীবাজার জেলায় এই কর্মশালা অনুষ্ঠিত হয়। কর্মশালায় বিভিন্ন কার্যক্রমের মাধ্যমে প্রশিক্ষণার্থীদের কর্মক্ষেত্রের নিয়ম-কানুন ও ব্যবহারবিধির সম্বন্ধে সম্যক ধারণা দেওয়া হয়। এছাড়াও কর্মশালার বিশেষ আয়োজন ছিল ইন্ডাস্ট্রি এক্সপার্টেদের বিশেষ উপস্থাপনা এবং প্রশ্ন-উত্তর পর্ব। এই প্রশ্ন- উত্তর পর্বে প্রশিক্ষণার্থীরা সরাসরি নিয়োগকর্তাদের চাকুরি বিষয়ে জিজ্ঞাসা করে এবং সে সম্পর্কে পূর্ণ ধারনা পায়। কর্মসংস্থান পূর্ব দক্ষতা উন্নয়ন কর্মশালায় নিয়োগকর্তাদের উপস্থিতি প্রশিক্ষণার্থীদের মধ্যে ব্যপক আগ্রহ ও উদ্দীপনা জাগায়। কর্মশালায় বিশেষ বক্তা হিসেবে উপস্থিত ছিলেন হবিগঞ্জ ইন্ডাস্ট্রিয়াল পার্কের প্রাণ-আরএফএল গ্রুপের মানব সম্পদ বিভাগ থেকে তারেক বিন বাবু, জনি বোসাক, র“জিনা আক্তার ও আল-মামুন।




## প্রশিক্ষণ শুর“ হল উত্তরণের দ্বিতীয় ব্যাচের

চূড়াŠ প্রক্রিয়া শেষ করে প্রশিক্ষণ শুর“ করল উত্তরণের দ্বিতীয় ব্যাচের প্রশিক্ষণার্থীরা। চারটি ভিন্ন ট্রেডে সিলেট, হবিগঞ্জ ও মৌলভীবাজারে মোট ২৭৮ জন (৭৪ জন নারী এবং ২০৪ জন পুর“ষ) প্রশিক্ষণার্থী ট্রেনিং শুর“ করে। ট্রেডগুলো নিম্নরূপ-

- জেনারেল ফিনিশিং অপারেশন
- ইলেকট্রিক্যাল ইন্সটলেশন এন্ড মেইনটেন্যান্স
- পাম্বিং এন্ড পাইপ ফিটিং
- ওয়েল্ডিং

# অ্যাডভোকেসি কার্যক্রম




## উত্তরণ আয়োজিত মতবিনিময় সভা

উত্তরণ ১১ জানুয়ারী ২০২১ তারিখে হবিগঞ্জের দ্যা প্যালেস রিসোর্টে হবিগঞ্জের স্থানীয় প্রশাসন, বেসরকারি খাত এবং এনজিও প্রতিনিধিদের সাথে “দক্ষ জনশক্তির চাহিদাঃ সমস্যা ও সমাধানের উপায়” বিষয়ের উপর একটি মতবিনিময় সভার আয়োজন করে।

উক্ত সভায় শিল্প প্রধানরা চিহ্নিত করেন যে, চতুর্থ শিল্প বিপবের চাহিদা মেটাতে যে দক্ষতার প্রয়োজন তার অভাব রয়েছে বিদ্যমান জনশক্তির মধ্যে এবং এর সমাধানের জন্য প্রশিক্ষণের কারিকুলাম ও টিভেট পদ্ধতির উন্নতিকরণ প্রয়োজন। সভার প্রধান অতিথি ছিলেন, হবিগঞ্জ জেলার জেলা প্রশাসক, মোহাম্মদ কামর“ল হাসান এবং বিশেষ অতিথি ছিলেন, হবিগঞ্জ জেলার নবীগঞ্জ উপজেলার ইউএনও শেখ মহি উদ্দিন। অংশগ্রহণকারীদের মধ্যে আরো উপস্থিত ছিলেন সিলেট জেলার মুখ্য শিল্পকারখানার প্রতিনিধিগণ, তথা প্রাণ-আরএফএল গ্রুপ, আলিম ইন্ডাস্ট্রিস লিমিটেড, খাদিম সিরামিক্স লিমিটেড, ফুলকোলি ফুড প্রোডাক্টস, সিল্কো ফারমাসিটিকালস, আকিজ পাস্টিক, স্টার পোরসালিন, স্কয়ার ডেনিম, স্টার সিরামিক্স, ওমেরা সিলিÊারস, পাওনিয়ার ডেনিম, এস এম স্পিনিং মিল্, সিলেট চেম্বার অব কমার্স এবং অংশীদার ট্রেনিং সেন্টার, টিএমএসএস ও ইউসেপ বাংলাদেশ, এর প্রতিনিধিগণ।

## জাতীয় ক্ষুদ্র ও কুটির শিল্প সমিতি, বাংলাদেশ (নাসিব) এর সাথে বৈঠক



কোভিড-১৯ মহামারি অর্থনীতিতে বিরূপ প্রভাব ফেলেছে, যার ফলস্বরূপ কর্মসংস্থান হ্রাস পাচ্ছে। অর্থনৈতিক মন্দার এ প্রভাব হ্রাস করতে বাংলাদেশ সরকার নাসিব এর মাধ্যমে স্ব-কর্মসংস্থানকে উৎসাহিত করছে। নাসিবের সাথে সম্ভাব্য সহযোগিতার ক্ষেত্র বের করতে ডিসেম্বর মাসে উত্তরণ প্রকল্প নাসিবের সভাপতি এবং এর পরিচালনা কমিটির সাথে একটি বৈঠক করেন। উত্তরণ প্রকল্পের কার্যক্রম সম্পর্কে জানার পর নাসিবের সভাপতি উত্তরণের সাথে কাজ করার এবং উত্তরণ গ্র্যাজুয়েটদের উদ্যোক্তা হওয়ার সক্ষমতা বিকাশের বিষয়ে আগ্রহ প্রকাশ করেন।

## আরটিআইএসসি ও বিজিএপিএমইএ এর সাথে বৈঠক

জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষ (এনএসডিএ) এর মান অনুসারে জেনারেল ফিনিশিং অপারেশন (জিএফও) এর কারিকুলাম তৈরী এবং অনুমোদন করার লক্ষ্যে আরটিআইএসসি এর সভাপতি এবং বিজিএপিএমইএ এর পরিচালকের সাথে একটি বৈঠক করা হয়। বর্তমান কারিকুলামের মধ্যে গারমেন্ট অ্যাকসেসোরিজ প্যাকেজিং অ Š ভুক্ত করার জন্য বিজিএপিএমইএ অনুরোধ করেন। উত্তরণ প্রকল্পের পক্ষ থেকে প্যাকেজিং সেক্টরের জন্য একটি সামগ্রিক কারিকুলাম তৈরী করার ব্যাপারে সম্মিলিত ভাবে কাজ করার জন্য আগ্রহ প্রকাশ করা হয়।

## প্রথম ব্যচের প্রশিক্ষন সম্পন্নকারীদের জন্য অনুষ্ঠিত হল সনদপত্র বিতরনী অনুষ্ঠান



গত ২৬ জানুয়ারী ২০২১ তারিখে উত্তরণ প্রকল্পের আওতায় টি এম এস এস ভোকেশনাল ট্রেনিং সেন্টার, শ্রীমঙ্গল কতৃক আয়োজিত ইলেকট্রিক্যাল ও ওয়েল্ডিং বিষয়ক প্রশিক্ষণের সমাপনী ও প্রশিক্ষন সম্পন্ন কারীদের মাঝে সনদপত্র বিতরনী অনুষ্ঠান অনুষ্ঠিত হয়। উক্ত অনুষ্ঠানে শ্রীমঙ্গল ও কমলগঞ্জ উপজেলার সর্ব মোট ৩৮ জন প্রশিক্ষর্নাথীদের মাঝে সনদ পত্র বিতরন করা হয়। অনুষ্ঠানে প্রধান অতিথী হিসেবে উপস্থিত ছিলেন জনাব ভানু লাল রায়, চেয়ারম্যান (৩নং শ্রীমঙ্গল ইউনিয়ন পরিষদ)। বিশেষ অতিথী হিসেবে উপস্থিত ছিলেন জনাব মোঃ সেলিম মিয়া, স্থানীয় সমাজ সেবক।